যুগান্তর

তারিখ: 27 SEP 2017
পৃ. ২ কলাম ২

# আরও ১৪৮ হাইস্কুল সরকারি হচ্ছে

যুগান্তর রিপোর্ট

দেশের বিভিন্ন উপজেলায় ১৪৮টি বেসরকারি হাইস্কুল জাতীয়করণ হচ্ছে। এ ব্যাপারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নীতিগত অনুমোদন দিয়েছেন। মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় ওই তালিকা প্রকাশ করেছে। এর আগে প্রধানমন্ত্রী দু'দফায় ১২৩টি হাইস্কুল সরকারি করার ব্যাপারে নীতিগত সম্মতি দেন। ওইসব স্কুল পরিদর্শন করে চূড়ান্ত প্রতিবেদন দিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরকে (মাউশি) নির্দেশনা দেয় শিক্ষা মন্ত্রণালয়। সে অনুযায়ী ৪৮টির পরিদর্শন প্রতিবেদন জমা পড়ে। অর্থ মন্ত্রণালয় এর মধ্যে ৪২টির সরকারিকরণের ব্যাপারে সম্মতি দিয়েছে। সে অনুযায়ী দেখা যায়, ওই সব স্কুল জাতীয়করণ হলে ১ হাজার ৪৩ শিক্ষক-কর্মচারীর বেতন বাবদ বছরে অতিরিক্ত ৩২ কোটি ৮৬ লাখ ২১ হাজার ১৬১ টাকা ব্যয় হবে। মঙ্গলবার নতুন জাতীয়করণকৃত স্কুল ৫৪ জেলার ১৪৮টি উপজেলা থেকে স্থান পেয়েছে। এর মধ্যে আছে, ঢাকার নবাবগঞ্জের নবাবগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজ, দোহারের জয়পাড়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, ধামরাইয়ের ধামরাই হার্ডিঞ্জ উচ্চ বিদ্যালয়। মানিকগঞ্জের দৌলতপুর পিএস মডেল উচ্চ বিদ্যালয়, সাটুরিয়া আদর্শ পাইলট উচ্চ বিদ্যালয়, সিংগাইর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জের আড়াইহাজার পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, মুড়াপাড়া মডেল উচ্চ বিদ্যালয়, হাজী ইব্রাহিম আলমচান মডেল স্কুল অ্যান্ড কলেজ। স্কুলের বিস্তারিত তালিকা শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moedu.gov.bd) পাওয়া যাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, [illegible]
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতির জন্য
স্বাক্ষর